যুগান্তর

তারিখ ... 08 SEP 2016
পৃষ্ঠা ...৬... কলাম ... ৬ ...

পরীক্ষা ২৯ অক্টোবর

# বাকৃবিতে স্নাতক ভর্তি আবেদন শুরু

**বাকৃবি প্রতিনিধি**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২৯ অক্টোবর অনুষ্ঠিত হবে। জানা যায়, আগামী ৬ অক্টোবর পর্যন্ত অনলাইন ও এসএমএসের মাধ্যমে আবেদন করতে পারবে। এবার ভর্তি পরীক্ষার আবেদন ফি ৭০০ টাকা করা হয়েছে। ডাচ্-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে আবেদন ফি জমা দিতে হবে। ১৫ অক্টোবর পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে। প্রবেশপত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ১৬ অক্টোবর থেকে ২৭ অক্টোবর পর্যন্ত ডাউনলোড করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ছয়টি অনুষদে মোট ১২০০ সিটের বিপরীতে দশ গুণ শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। পদার্থ, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ে মোট ১০০, নম্বরের লিখিত ভর্তি পরীক্ষা ২৯ অক্টোবর শনিবার বেলা ১১টায় অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য দশমিক ২৫ নম্বর কর্তন করা হবে। ভর্তি পরীক্ষায় শুধু Fx-100/570/991 মডেলের সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে দেয়া হবে। এছাড়া ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের (http://admission.bau.edu.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।